গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.sirajganj.gov.bd

নম্বর- ৪৬.৪৩.৮৮০০.০০০.০০৫.০৬.০০১২.২৫. ৬৭৪

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩২ / ০৬ আগস্ট ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ১৮ জুন ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.২ সংখ্যক স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে সিরাজগঞ্জ জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে **'ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা' ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর'** এর শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী জনবল নিয়োগ এবং প্যানেল সংরক্ষণের নিমিত্ত সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online এ (http//dcsirajganj.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম | পদ সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা | ০৩ (তিন)টি | (১৪ গ্রেড) ১০,২০০-২৪,৬৮০/- (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রদেয়) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ০২ | হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ১১ (এগারো) টি | (১৬ গ্রেড) ৯,৩০০-২২,৪৯০/- (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রদেয়) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ: (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

### শর্তাবলী:

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩। চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৪। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:**

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।
খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।
গ) পৌরসভার/ইউনিয়ন পরিষদ এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঘ) জাতীয় পরিচয়পত্র ও অনলাইন জন্ম নিবন্ধন সনদের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে স্মার্ট এনআইডির অনলাইন কপি সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮/১০/২০২০ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত একটি প্রমানক দাখিল করতে হবে। উক্ত প্রমানকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম থাকতে হবে।
চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/ জেলা প্রশাসক এর দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠি পরিচয়পত্র বিষয়ক সনদপত্র;
ছ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তান এই মর্মে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পৌরসভার/ইউনিয়ন পরিষদ এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত (সত্যায়িত) সনদপত্র/প্রত্যয়নপত্র।
জ) অন্যান্য কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সনদ/প্রমাণক।
ঝ) কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র।
ঞ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ট) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারি সর্বশেষ সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ নং প্রজ্ঞাপনে জারীকৃত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের জন্য আবেদনের ক্ষেত্রে প্রার্থী তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র/প্রমাণক মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে না পারলে তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে এবং তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। কোটায় নিয়োগের সুপারিশের জন্য প্রার্থীদের সনদ/প্রমাণক বিবেচনা/গ্রহণের ক্ষেত্রে সাক্ষাৎকার বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ে উক্ত সনদ সঠিক বলে প্রমাণিত হতে হবে।

৬। চাকরীরত প্রার্থীকে যথাযর্থ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

চলমান পৃষ্ঠা-০২

৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত সকল সনদ ও কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১ (এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৯। প্রার্থীর বয়সসীমা ০৩/০৯/২০২৫ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স নিরূপণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

১০। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী অসদুপায় অবলম্বন করলে কিংবা প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থিতা/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেয়া হবে না।

১২। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এবিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৩। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলী ও শর্তাবলী:</u>

ক) আগ্রহী প্রার্থীগণ http://dcsirajganj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭/০৮/২০২৫ খ্রি. সকাল ১০:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৩/০৯/২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ টা।

iii) উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk Pre-paid Mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB হতে হবে।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ) <u>**SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**</u> Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুইটি) SMS করে আবেদন ফি ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ সকল গ্রেডের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ( ভ্যাটসহ)০৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS : DCSIRAJGANJ <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DCSIRAJGANJ ABCDEF
Reply : Applicant's Name, Tk.100/- Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCSIRAJGANJ Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS DCSIRAJGANJ <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DCSIRAJGANJ YES 12345678 and send to 16222.
Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCSIRAJGANJ Application for Post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

চলমান পৃষ্ঠা-০৩

i) User ID জানা না থাকলে: DCSIRAJGANJ <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: DCSIRAJGANJ Help User 12345678 Send to 16222
ii) PIN Number জানা না থাকলে: DCSIRAJGANJ <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222
Example: DCSIRAJGANJ Help PIN 12345678 Send to 16222

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সিরাজগঞ্জ জেলার ওয়েবপোর্টাল www.sirajganj.gov.bd এবং http://dcsirajganj.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্রঅপারেটের টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sirajganj.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ট) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs.query@teletalk.com.bd বা dcsirajganj@mopa.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DCSIRAJGANJ, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।**

**মুহাম্মদ নজরুল ইসলাম**
জেলা প্রশাসক
ফোনঃ ০২৫৮৮৮৩০৩৩৫
e-mail: dcsirajganj@mopa.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪। জেলা প্রশাসক, ............................(সকল)
০৫। পুলিশ সুপার, সিরাজগঞ্জ
০৬। মেয়র/প্রশাসক, সিরাজগঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ
০৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিরাজগঞ্জ
০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল).........................................., সিরাজগঞ্জ
০৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)
১০। প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান (সকল),....................ইউনিয়ন পরিষদ................, সিরাজগঞ্জ।
১১। অফিস কপি

**মুহাম্মদ নজরুল ইসলাম**
জেলা প্রশাসক